

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের
নিয়ন্ত্রক (সিসিএ)- এর কার্যালয়
আইটি সিকিউরিটি
www.cca.gov.bd



নম্বর: ৫৬.০৩.০০০০.০০৩.০৫.০০৭.২১.৪৭

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ ১৪২৮
২৯ মে ২০২১

অফিস আদেশ

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীনস্থ ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রক (সিসিএ)- এর কার্যালয় কর্তৃক কিশোরীদের সাইবার অপরাধ ও নিরাপত্তা বিষয়ে সচেতন করা এবং এ সংক্রান্ত সহযোগীতা প্রদানের লক্ষ্যে একটি ওয়েব পোর্টাল “কন্যাকথা” উদ্ভাবন করা হয়েছে। এ পোর্টালে সাইবার অপরাধ বিষয়ে নানাবিধ তথ্য নিয়মিতভাবে আপলোড করা হয়। কিশোরীদের জন্য সহজ ভাষায় অডিও ভিজুয়াল কন্টেন্ট, সাইবার জগৎ সংক্রান্ত বিভিন্ন প্রশ্নোত্তর, কুইজ প্রতিযোগিতাসহ কেউ সাইবার অপরাধের শিকার হলে আইনি সাহায্যের জন্য বিভিন্ন সংস্থার যোগাযোগের ঠিকানা, ফোন ও ই-মেইল এড্রেস এ পোর্টালে দেওয়া আছে।

০২। “কন্যাকথা” ওয়েব পোর্টালে প্রবেশের লিংকঃ www.cca.gov.bd → অ্যাপস/ই-সার্ভিস মেনু → “কন্যাকথা” সাব মেনু। আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উক্ত পোর্টালটি সময়ে সময়ে হালনাগাদ করা হচ্ছে। সেক্ষেত্রে “কন্যাকথা” পোর্টালটিকে আরও যুগোপযোগী করতে আপনার মূল্যবান পরামর্শ/মতামত একান্ত কাম্য।

০৩। এমতাবস্থায়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীনস্থ ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রক (সিসিএ)- এর কার্যালয় কর্তৃক উদ্ভাবিত “কন্যাকথা” ওয়েব পোর্টালটির বহুলভাবে প্রচারের জন্য বিশেষভাবে অধুনরোধ জানানো হলো।



৩০-৫-২০২১

আবু সাঈদ চৌধুরী

সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রক
(সিসিএ)

নম্বর: ৫৬.০৩.০০০০.০০৩.০৫.০০৭.২১.৪৭/১(৫৫৫)

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ ১৪২৮
২৯ মে ২০২১

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) অতিরিক্ত সচিব, আইসিটি অনুবিভাগ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সদয় অবগতির জন্য)
- ২) জেলা প্রশাসক (সকল)
- ৩) উপজেলা নির্বাহী অফিসার (সকল)
- ৪) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সদয় অবগতির জন্য)
- ৫) সিনিয়র সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সিনিয়র সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সদয়)

অবগতির জন্য)

৬) পি, এ কাম- কম্পিউটার মুদ্রাক্ষরিক, ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রক, ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রক (সিসিএ)- এর কার্যালয় (সদয় অবগতির জন্য)



৩০-৫-২০২১

আবু সাঈদ চৌধুরী

সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রক

(সিসিএ)